

অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 2/15/2019

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো

গভর্নর কুওমো অর্থ বছর 2020 নির্বাহী বাজেট সংশোধনের অংশ হিসেবে মেট্রোপলিটন পরিবহন কর্তৃপক্ষ (METROPOLITAN TRANSPORTATION AUTHORITY, MTA) দায়বদ্ধতা স্থাপন করতে নতুন সংশোধন ঘোষণা করলেন

*বাজেট সংশোধনে থাকবে MTA-এর জন্য একটি নিবেদিত তহবিল প্রবাহ নিশ্চিত করতে ব্যবস্থা, MTA-এর আর্থিক ও অপারেশন এর ব্যাপারে অতিরিক্ত বিশেষজ্ঞ মতামত, MTA ব্যবস্থাপনা পরিষদে সংশোধন এবং প্রধান এজেন্সি প্রকল্পে উন্নত প্রক্রিয়া*

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো আজকে অর্থ বছর 2020 নির্বাহী বাজেটের একগুচ্ছ সংশোধন ঘোষণা করলেন যা দায়বদ্ধতা স্থাপন করবে, নতুন তহবিলের ব্যবস্থা করবে এবং MTA-এর প্রাচীন ব্যুরোক্রেসি টেলে সাজাবে। বাজেট সংশোধন বিধানসভার জন্য বেশ কিছু প্রস্তাবনা আউটলাইন করে যা এমন একটি সিস্টেমকে মেরামত করবে যা কয়েক দশক ধরে ভেঙ্গে আছে, যার মধ্যে থাকবে ভিডে'র উপর মূল্য নির্ধারণের মাধ্যমে একটি নিবেদিত তহবিলের ব্যবস্থা করা, MTA-এর আর্থিক ও অপারেশন এর ব্যাপারে অতিরিক্ত বিশেষজ্ঞ মতামত, MTA পরিষদ ও ব্যবস্থাপনা কাঠামো সংস্কার, নতুন পরিষদ সদস্যদের অনুমোদন, এবং প্রধান এজেন্সির প্রকল্পের প্রক্রিয়া উন্নত করা।

"MTA-এর অব্যবস্থাপনা গোপন কিছু নয়, এবং কয়েক দশক ধরে এটি বিনিয়োগ, দায়বদ্ধতা ও সৃজনশীল চিন্তার অভাবে ভুগছে", **গভর্নর কুওমো বলেন।** "আজকে আমরা নির্বাহী বাজেটে বিশেষ ব্যবস্থা যোগ করছি যা সত্যিকারের সংস্কার আনতে আমাদের প্রচেষ্টা অব্যাহত রাখবে। MTA-এর অর্থ খুব প্রয়োজন, কিন্তু এটির দায়বদ্ধতার ভিত্তিতে একটি কাঠামোও প্রয়োজন এবং এমন নতুন ধারণা যার সাহায্যে এটি অবশেষে এমনভাবে পরিচালিত হবে যেমনটি হওয়া উচিত এবং যেমনটি নিউ ইয়র্কের চাহিদা।"

**গভর্নর নিম্নোক্ত বাজেট সংশোধন প্রস্তাব করেছেন:**

- **ভিডে'র উপর মূল্য নির্ধারণের হার ঠিক করার জন্য এবং MTA-এর আর্থিক অবস্থা ও অপারেশনের মুখ্য পর্যবেক্ষণ প্রদানের জন্য একটি বিশেষজ্ঞ প্যানেল তৈরি করা:** বাজেট সংশোধন MTA এর একটি বিশেষজ্ঞ পর্যবেক্ষক প্যানেল তৈরি করবে, যেখানে অতি গুরুত্বপূর্ণ বিষয়ে বিস্তৃত জ্ঞানসম্পন্ন ছয় সদস্য থাকবে যেমন অডিটিং, পাবলিক ফাইন্যান্স, প্রকৌশল, পরিবহন/ট্রানজিট, কর্পোরেট কাঠামো পুনর্নির্মাণ, এবং ঝুঁকি ব্যবস্থাপনা। প্যানেলের বেশ কয়েকটি গুরুত্বপূর্ণ কাজ থাকবে, যেমন, প্রস্তাবিত ভিডে'র উপর মূল্য নির্ধারণ জোনের মধ্যে হার নির্ধারণ ও অনুমোদন, যা এর পর ট্রাইবরো সেতু ও টানেল কর্তৃপক্ষ (Triborough Bridge and Tunnel Authority, TBTA) কর্তৃক বাস্তবায়িত হবে। এছাড়াও প্যানেলের কাজ হবে MTA-এর অপারেশন ও ক্যাপিটাল বাজেটের একটি

অডিট প্রদান করা, MTA-এর পরবর্তী ক্যাপিটাল পরিকল্পনা ও অপারেশন বাজেট অনুমোদন করা, এবং পুনর্বিদ্যায়নের জন্য MTA-এর পরিকল্পনা বিশ্লেষণ ও সবশেষে অনুমোদন করা।

- **ভিডে'র উপর মূল্য নির্ধারণ রেভিনিউ এর জন্য একটি ভ্যারিয়েবল মূল্য নির্ধারণ কাঠামো ও লকবক্স স্থাপন:** বাজেট সংশোধন এর জন্য ভিডে'র উপর মূল্য নির্ধারণ পরিকল্পনা অবশ্যই একটি ভ্যারিয়েবল মূল্য নির্ধারণ কাঠামো ব্যবহার করে করতে হবে, যা যানবাহনের প্রকার, সপ্তাহের দিন ও সময়, অন্য সেতু বা টানেলে প্রদত্ত টোলের ক্রেডিট, এবং বিধানসভার সাথে আলোচনার মাধ্যমে নির্ণায়িত অন্যান্য মুখ্য বিষয় বিবেচনা করবে। এছাড়াও বাজেট সংশোধন এর জন্য আবশ্যিক হবে একটি নিবেদিত লকবক্স তৈরি যাতে নিশ্চিত হয় যে ভিডে'র উপর নির্ধারিত মূল্যের 100% MTA-এর ক্যাপিটাল বাজেটে যায় এবং ভিডে'র উপর নির্ধারিত মূল্য থেকে প্রাপ্ত রেভিনিউ যাতে ক্যাপিটাল নয় এমন ব্যয়ে ব্যবহৃত না হয়। এই পরিকল্পনার ফলে যে রেভিনিউ সৃষ্টি হবে বলে আশা করা হচ্ছে তা MTA-এর আগামী ক্যাপিটাল বাজেটে 15 বিলিয়ন মার্কিন ডলার প্রদান করবে, যা শুরু হবে 2020 সালে এবং 2024 সালের শেষ পর্যন্ত চলবে।
- **MTA-এর জন্য একটি পুনর্বিদ্যায়ন পরিকল্পনা তৈরি আবশ্যিক করা:** বাজেট সংশোধন অনুযায়ী MTA-এর জন্য একটি পুনর্বিদ্যায়ন পরিকল্পনা তৈরি করা আবশ্যিক যাতে এজেন্সির কয়েক দশক পুরোনো অব্যবস্থাপনা ও ব্যুরোক্রেসি শেষ করা যায়। বিশেষজ্ঞ প্যানেল MTA-এর পরিকল্পনার অনুমোদন দিবে।
- **MTA-এর পর্ষদ সদস্যদের টার্ম যাতে তাদের নিয়োগদাতা এন্টিটির সাথে মিলে তা নিশ্চিত করা:** বাজেট সংশোধন বিধান স্থাপন করে এটি নিশ্চিত করার জন্য যাতে MTA-এর পর্ষদ সদস্যদের টার্ম যাতে তাদের নিয়োগদাতা এন্টিটির সাথে মিলে। যখন নিয়োগদাতা ব্যক্তির টার্ম শেষ হয়, পর্ষদ সদস্যকে হোল্ডওভার অবস্থায় রাখা হবে যতদিন না বোর্ডে তার পদে পরবর্তী কাউকে নতুন নির্বাচিত কর্মকর্তা নিয়োগ না দেয়। প্রস্তাবনাটি করা হয়েছে অতিরিক্ত ও প্রয়োজনীয় দায়বদ্ধতা সৃষ্টির জন্য যাতে পর্ষদের সদস্যদের সরাসরি তাদের নিয়োগকর্তার কাছে জবাবদিহি করতে হয়।
- **প্রধান ক্যাপিটাল প্রকল্পের জন্য নকশা-নির্মাণ বাস্তবায়ন করা:** বাজেট সংশোধন অনুযায়ী MTA-এর সকল প্রধান ক্যাপিটাল প্রকল্পে নকশা-নির্মাণ ব্যবহার করা আবশ্যিক হবে। ডিজাইন-বিল্ড, যা ডিজাইন এবং নির্মাণ পরিষেবা একটি একক চুক্তিতে একত্রিত করে - আমলাতন্ত্র এবং মুখ্য পরিকাঠামোর প্রকল্পের খরচ হ্রাস করে, এবং দায়িত্ব ব্যক্তিগত সেক্টরে অর্পণ করে। নিউ ইয়র্ক স্টেট ডিজাইন-বিল্ড ব্যবহার করে সমস্ত মুখ্য প্রকল্পের জন্য, গভর্নর মারিও এম. কুওমো ব্রিজ সহ, যা রাষ্ট্রের সাম্প্রতিক সর্বজনীন পরিকাঠামো প্রকল্পগুলির বৃহত্তমগুলির মধ্যে একটি, এবং নতুন কজিওস্কো ব্রিজ, যা সম্পূর্ণ হবে 2020 সালে, সময়সূচির পুরো চার বছর আগে। MTA-র নির্মাণ প্রকল্পগুলি সময় মত শেষ হয় খুব কম এবং তারা ডিজাইন-বিল্ড করে না, যা কোনো সন্দেহ ব্যতীত সব চেয়ে দক্ষ নির্মাণ পদ্ধতি।

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন [www.governor.ny.gov](http://www.governor.ny.gov)  
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | [press.office@exec.ny.gov](mailto:press.office@exec.ny.gov) | 518.474.8418

[আনসারস্বাইব করুন](#)